

## পাঠ পরিকল্পনা-২২ (শ্রেণি : নবম)

অধ্যায়-২ : শরিয়তের উৎস

পাঠ-২৪: শরিয়তের আহকাম সংক্রান্ত পরিভাষা

সময় : ৩৫ মিনিট

সময়	বিবরণ	
৫ মিনিট	উপস্থিতি পর্যালোচনা ও নতুন পাঠের উপর পূর্বজ্ঞান পরীক্ষা - ১. হালাল বলতে কী বুঝ?	
৫ মিনিট	পরিচিতি	উদাহরণ
	ফরজ অর্থ অত্যাবশ্যিক। যা করতেই হবে। আদায় করলে সাওয়াব হবে নতুবা গুনাহ হয়। ফরজ কুরআন-সুন্নাহর অকাট্য দলীল দ্বারা প্রমাণিত। ফরজ অস্বীকার করলে কাফির হয়ে যায়। ফরজ দুই প্রকার। যথা-	যেমন- পাঁচ ওয়াজ্ব নামায। নামাজে রুকু করা ফরজ। রুকু ত্যাগ করলে নামায হয় না।
	১. ফরজে আইন হলো যা সকলের জন্য আবশ্যিক। একজন করলে হবে না; বরং সকলে নিজ নিজ ফরজ আদায় করতে হবে। বাবা নামায পড়লে হবে না, সন্তানদেরকেও নামায পড়তে হবে।	যেমন- রমযানের ফরজ রোযা।
২. ফরজে কিফায়া হলো সামষ্টিক ফরজ কাজ। সমাজের পক্ষ থেকে কতিপয় আদায় করলে হয়ে যাবে। যারা আদায় করবে তারা সাওয়াব পাবে, বাকীরা গুনাহ পাবে না। আর যদি কেউ আদায় না করে তবে সকলেই গুনাহ পাবে।	যেমন- জানাযার নামায।	
৫ মিনিট	ওয়াজ্ব অর্থ আবশ্যিক। যা করতে হবে, তবে ফরজ নয়। এটি ফরজের কাছাকাছি। আদায় করলে সাওয়াব হবে নতুবা গুনাহ হয়। ফরজ কুরআন-সুন্নাহর অকাট্য দলীল দ্বারা প্রমাণিত না হলেও পালনীয় বলেই প্রতিয়মান। ওয়াজ্ব অস্বীকার করলে কাফির হয়ে যায় না।	যেমন- সালাতে রুকুর পর সোজা হয়ে দাঁড়ানো ওয়াজ্ব। দুই সিজদার মাঝখানে সোজা হয়ে বসা। সালাতে ওয়াজ্ব বাদ পড়লে নামায বাদ হয় না; বরং সাহু সিজদা দিতে হয়। তবে সাহু সিজদা না দিলে নামায হয় না।
	সুন্নত অর্থ নীতি, রীতি, পথ বা পদ্ধতি। মহানবী (সা.) যে সকল কাজ নিজে করেছেন যা সকলের জন্য অনুকরণীয় এবং যে সকল কাজ করতে তিনি নির্দেশ দিয়েছেন বা অনুমোদন দিয়েছেন তা সুন্নত। সুন্নত দুই প্রকার।	যেমন- সালাম দেয়া সুন্নাত।
	১. সুন্নতে মুয়াক্কাদাহ হলো যা মহানবী (সা.) নিজে সর্বদা পালন করতেন এবং অন্যদেরকে পালন করতে গুরুত্বারোপ করতেন। সুন্নাতে মুয়াক্কাদা ওয়াজ্বের কাছাকাছি। এগুলো পালন না করলে গুনাহ হয়।	যেমন- ফজর নামাযের ২ রাকাত সুন্নাত।
	২. সুন্নতে যায়িদাহ হলো যে সকল কাজ নবী (সা.) নিজে সর্বদা করতেন না; বরং মাঝে মাঝে করতেন আর মাঝে মাঝে করতেন না। মহানবী এরূপ কাজ করতে উৎসাহিত করলেও বেশি গুরুত্বারোপ করতেন না। এগুলো পালন না করলে গুনাহ হয় না।	যেমন- আসর নামাযের ফরজের পূর্বে ৪ রাকাত সুন্নাত।
৫ মিনিট	মুস্তাহাব হলো পছন্দনীয় কাজ। যেগুলো করতে রাসূল	যেমন- মাগরিবের নামাযে ২ রাকাত সুন্নাতের

	(সা.) স্বাভাবিক গুরুত্বারোপ করেছেন। যেগুলো কেউ ইচ্ছা করলে করতে পারে আবার ইচ্ছা করলে না করেও থাকতে পারে। মুস্তাহাবকে নফল বা মানদুবও বলে।	পর আরো ২ রাকাত নফল পড়া।
	মুবাহ অর্থ অনুমোদিত। যে কাজ করলে সাওয়াবও নেই আবার গুনাহও নেই। ব্যবহার্য বস্তুর ক্ষেত্রে যা হারাম বলা হয়নি; তা সাধারণভাবে মুবাহ হিসেবে গণ্য। যেমন- সামুদ্রিক যেকোনো প্রাণী খাওয়া মুবাহ।	যেমন- নারীর কর্মের অধিকার। দুনিয়াবী কারণে নারী যদি স্বামীর অনুমতি নিয়ে পর্দা রক্ষা করে কাজ করে তবে তা অনুমোদিত।
৫ মিনিট	হালাল অর্থ বৈধ। এটি মূলত ব্যবহার্য বস্তুর ক্ষেত্রে প্রয়োগ করা হয়। যা ভোগ করার ক্ষেত্রে ইসলাম অনুমতি দিয়েছেন তা ব্যবহার করা বৈধ।	যেমন- ব্যবসা করা হালাল।
	হারাম অর্থ অবৈধ। এটি মূলত ব্যবহার্য বস্তুর ক্ষেত্রে প্রয়োগ করা হয়। যা ভোগ করার ক্ষেত্রে ইসলাম অনুমতি দেয় নাই; বরং ব্যবহারে নিষেধ করেছে তা হারাম।	যেমন- সুদ খাওয়া হারাম।
৫ মিনিট	মানবজীবনে হালালের প্রভাব ১. হালাল বিষয় মানুষের জন্য উপকারী ২. হালাল দ্রব্য মানুষকে ইবাদাতে উৎসাহিত করে ৩. হালাল দ্রব্য মানুষের দেহ ও মস্তিষ্ককে সুস্থ রাখে ৪. হালাল দ্রব্য ইবাদাত কবুলের পূর্বশর্ত ৫. হালাল দ্রব্য দুনিয়া ও আখিরাতের কল্যাণ বয়ে আনে ৬. হালাল দ্রব্য মানুষকে চরিত্রবান করে ৭. হালাল দ্রব্য মানুষকে অন্যায় ও অসৎ কাজ থেকে বিরত রাখে	মানবজীবনে হারামের প্রভাব ১. হারাম বিষয় মানুষের জন্য ক্ষতিকর ২. হারাম দ্রব্য মানুষকে ইবাদাতে বাধা দেয় ৩. হারাম দ্রব্য মানুষের দেহ ও মস্তিষ্ককে অসুস্থ করে ৪. হারাম দ্রব্য ভোগ করে ইবাদাত করলে সে ইবাদাত কবুল হয়না ৫. হারাম দ্রব্য দুনিয়া ও আখিরাতের অকল্যাণ বয়ে আনে ৬. হারাম দ্রব্য মানুষকে চরিত্রকে ধ্বংস করে ৭. হারাম দ্রব্য মানুষকে অন্যায় ও অসৎ কাজে উৎসাহ দেয়
৫ মিনিট	<b>শিক্ষার্থীদের পিডব্যাক/পাঠোত্তর মূল্যায়ন</b>	
	সম্প্রতি চারদিকে ছড়িয়ে পড়েছে সোয়াইন ফ্লু নামক রোগের ভাইরাস। এটি শূকরের দেহ থেকে মানুষের শরীরে প্রবেশ করে। ইতোমধ্যে বিশ্ব স্বাস্থ্য সংস্থা এ রোগকে মহামারী বলে ঘোষণা করেছে। দশম শ্রেণির ছাত্র সীমার মায়ের অভিমত হলো, "মানুষ যদি এ হারাম শূকরকে পরিত্যাগ করত তবে এ রোগ ছড়াত না"। সামীও এ বিষয়ে একমত পোষণ করে মাকে বলে মহানবি (সঃ) ইরশাদ করেন, "তোমাদের প্রতি যা যা হারাম করা হয়েছে, তাতে আল্লাহ তোমাদের রোগমুক্তির ব্যবস্থা রাখেন নি"। ক. হারাম শব্দের অর্থ কী? খ. ইসলামের দৃষ্টিতে শূকরের মাংস হারাম কেন? গ. উদ্দীপকের ভাইরাসটি ছড়ানোর কারণ ও হালাল গ্রহণের উপকারিতা ব্যাখ্যা কর। ঘ. উদ্দীপকে বর্ণিত রাসুল (সঃ)-এর হাদিসের আলোকে রোগমুক্ত সমাজ কায়েমের উপায় বিশ্লেষণ কর।	